# উপজেলা পরিষদ কার্যালয়
## আটপাড়া, নেত্রকোণা

**<u>উপজেলা পরিষদের মার্চ ২০২৫ মাসের সভার কার্যবিবরণী</u>**

সভাপতি : জনাব রুয়েল সাংমা, প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, আটপাড়া, নেত্রকোণা
সভার তারিখ ও সময় : ১৮.০৩.২০২৫ খ্রিঃ, বেলা ১১.৪৫ টা।
সভার স্থান : উপজেলা পরিষদ হল রুম।
সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা : পরিশিষ্ট-ক
সভায় অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা : পরিশিষ্ট-খ
সভায় কর্মকর্তার স্থলে উপস্থিত প্রতিনিধি সদস্যদের তালিকা: পরিশিষ্ট-গ

সভার শুরুতে প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, আটপাড়া ও সভার সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার আলোচ্যসূচি অনুযায়ী পরবর্তী কার্যক্রম শুরু করেন। আলোচ্যসূচি অনুযায়ী বিগত সভার কার্যবিবরণী পাঠ করা হয় এবং কোন সংশোধনী/সংযোজনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর বিভিন্ন বিভাগের উন্নয়ন কর্মকান্ডের উপর ধারাবাহিকভাবে আলোচনা ও নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহিত হয়ঃ

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ১. | <u>উপজেলা স্বাস্থ্য বিভাগঃ</u> উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কর্মকর্তা জানান যে, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের চিকিৎসা প্রদান কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। তবে এ্যাম্বুলেন্স অচল ও ড্রাইভার না থাকায় এ্যাম্বুলেন্স এর সেবা বন্ধ রয়েছে। এক্সরে ফিল্ম না থাকায় এক্সরে বন্ধ আছে। তবে আল্ট্রাসনোগ্রাম মেশিন মেরামতের কাজ চলমান আছে। হাসপাতালের পরিষ্কার পরিচ্ছন্নতাকর্মীর সংকট রয়েছে এবং গাইনী ও সার্জারী কনসাল্টেন্ট না থাকায় অপারেশন থিয়েটারের কার্যক্রম সাময়িকভাবে বন্ধ আছে। | ক) রোগীদের সেবার মান বাড়াতে এবং সেবা প্রার্থীদের ভোগান্তি কমানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>খ) উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স অচল এ্যাম্বুলেন্স, মেশিনপত্র মেরামতের জন্য যথাযথ কর্তৃপক্ষ বরাবর পত্র প্রেরণ করে সভায় অবহিত করতে হবে। স্বাস্থ্য স্বাস্থ্য কমপ্লেক্স অচল এ্যাম্বুলেন্স মেরামতের বিষয়ে উপজেলা পরিষদে চাহিদাপত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহিত হয়।<br>গ) উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স ব্যবস্থাপনা কমিটির সভা আয়োজন করে অত্র সভায় অবহিত করতে হবে।<br>ঘ) প্রত্যেক মাসে কমিউনিটি ক্লিনিক পরিদর্শন করে সভায় অবহিত করতে হবে।<br>ঙ) জন্ম নিবন্ধন কার্যক্রম ত্বরান্বিত করার লক্ষ্যে শিশুদের টিকা প্রদানের তথ্যাদি ইউনিয়ন পরিষদে প্রেরণ করার সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা স্বাস্থ্য ও প.প. কর্মকর্তা, আটপাড়া। |
| ২. | <u>উপজেলা কৃষি বিভাগঃ</u> উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, বর্তমানে রবি মৌসুম চলমান। খরিপ-১ মৌসুমে আউশ আবাদ বৃদ্ধির লক্ষ্যে ৪৫০ জন কৃষিকের মাঝে আউশ ধানের প্রনোদনা এসেছে। এছাড়া বর্ষা মৌসুমে সবজির আবাদ বৃদ্ধির লক্ষ্যে বস্তায় সবজি চাষের পরামর্শ দেওয়া হচ্ছে। এছাড়া দপ্তরের অন্যান্য কাজ স্বাভাবিকভাবে চলমান আছে। | (ক) সার বীজের কৃত্রিম সংকট যেন সৃষ্টি না হয় সেদিকে সর্তক দৃষ্টি রাখতে হবে।<br>(খ) কৃষি উৎপাদন বাড়াতে মাঠ পর্যায়ে কৃষকদের উদ্বুদ্ধকরণে প্রয়োজনীয় পরামর্শ প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়।<br>(গ) কৃষকদের পুষ্টির চাহিদা মিটানোর জন্য বাড়ি বাড়ি উঠানে সবজি চাষে উদ্বুদ্ধ করতে হবে।<br>(ঘ) প্রত্যেক মাসে উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটির সভা আহবান করে সভায় অবহিত করতে হবে। | উপজেলা কৃষি অফিসার, আটপাড়া<br><br>সংশ্লিষ্ট সকল |
| ৩. | <u>উপজেলা প্রাণিসম্পদ বিভাগঃ</u> উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, তার দপ্তরের সকল কাজ-চিকিৎসা, ভ্যক্সিনেশন, ডিওয়ার্মিং, কৃত্রিম প্রজনন, ঘাস চাষসহ অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। এছাড়া হাঁসমুরগি, কবুতরের পক্স, রানীক্ষেত্র ভ্যক্সনের সরবরাহ পর্যাপ্ত আছে। রোগ ব্যাধি নিয়ন্ত্রণে সব ধরণের পরামর্শ প্রদান করা হচ্ছে। | (ক) গবাদি পশুর রোগ-ব্যাধি কমাতে মাঠ পর্যায়ে খামাড়ীদের প্রয়োজনীয় পরামর্শ প্রদান অব্যাহত রাখতে হবে।<br>(খ) বেকার যুবক যুবতীদের কর্মস্থানের লক্ষ্যে গৃহপালিত হাঁস মুরগি পালন বিষয়ক প্রশিক্ষণ আয়োজনের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(গ) মৎস্য ও পশু খাদ্য আইন ২০১০ মোতাবেক মোবাইল কোর্ট পরিচালনা করে সভায় অবহিত করতে হবে। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, আটপাড়া |
| ৪. | <u>উপজেলা মৎস্য বিভাগঃ</u> উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। ৩০ জন মৎস্যচাষীকে মৎস্য চাষ বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। তাছাড়া অত্র উপজেলার সুমাইখালি বিলে ও শিয়ালো বিলে বিল-নার্সারী স্থাপনের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। চলতি মাসে ৩০টি মৎস্য খামার পরিদর্শন করা হয়েছে।<br>তিনি আরো জানান, মৎস্য ও পশু খাদ্য আইন ২০১০ অনুযায়ী তেলিগাতী বাজারে অভিযান পরিচালনা করা হয়। কোন মেয়াদ উত্তীর্ণ মৎস্য খাদ্য বা ওষুধ পাওয়া যায়নি। এছাড়াও স্বাস্থ্যসম্মত ও নিরাপদ মাছ সরবরাহের লক্ষ্যে উপজেলা মৎস্য বিভাগ কাজ করে যাচ্ছে। | (ক) মৎস্য রক্ষা ও সংরক্ষণ আইন ১৯৫০ যথাযথভাবে বাস্তবায়িত হচ্ছে কিনা সে বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(খ) মৎস্য চাষ বাড়াতে মৎস্য চাষীদের প্রয়োজনীয় প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহিত হয়<br>(গ) সকল মৎস্যজীবী সমিতিকে নিয়ে রেনু মাছ ধরার বিষয়ে সচেতনতামূলক সভা করার সিদ্ধান্ত গৃহিত হয়।<br>(ঘ) উপজেলায় মৎস্য অভায়শ্রম স্থাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা মৎস্য অফিসার, আটপাড়া<br><br>সংশ্লিষ্ট সকল |
| ৫. | <u>উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগঃ</u> উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। তবে কন্ট্রাসেটিভের ঘাটতি থাকার কার্যক্রমক্রম কিছুটা ব্যহত হচ্ছে। এ বিষয়ে পরিবার পরিকল্পনা অধিদপ্তরের পত্র প্রেরণ করা হয়েছে। তিনি উপজেলা পরিষদ হতে কন্ট্রাসেটিভের ঘাটতি পুরণের লক্ষ্যে মালামাল প্রদানের জন্য অনুরোধ করেন। | (ক) উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগের সার্বিক কার্যক্রম সভায় অবহিত করতে হবে।<br>(খ) উপজেলা পরিষদ হতে কন্ট্রাসেটিভের ঘাটতি পুরণের লক্ষ্যে মালামালের তালিকা প্রস্তুত করে পত্র প্রেরণ করার সিদ্ধান্ত গৃহিত হয়।<br>(গ) জন্ম নিবন্ধন কার্যক্রম ত্বরান্বিত করার লক্ষ্যে গর্ভবতী মায়ের তথ্যাদি ইউনিয়ন পরিষদে প্রেরণ করার সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, |

<table>
<tr>
<td>৬.</td>
<td><u>উপজেলা প্রকৌশল বিভাগঃ</u> উপজেলা প্রকৌশলীর জানান যে, তার দপ্তরের কাজ স্বাভাবিকভাবে চলমান রয়েছে। আটপাড়া উপজেলার বার্ষিক উন্নয়ন তহবিল এডিপি আওতায় পরিশিষ্ট-ঘ অনুযায়ী তালিকা প্রস্তুত করা হয়েছে। তালিকা চূড়ান্ত অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়।<br><br>তিনি আরো জানান উপজেলা পরিষদ চত্বর ও বিভিন্ন ইউনিয়ন পরিষদে অবস্থিত ঝড়ে উপরে পড়া/মরা গাছ অপসারণ করা প্রয়োজন।<br><br>তাছাড়া উপজেলা ভূমি অফিস ভবন, উপজেলা আনসার ভিডিপি ভবন, উপজেলার আনসার ব্যারাক নতুন ভবন, উপজেলা প্রশাসন বিদ্যানিকেতন এবং উপজেলা পরিষদ মার্কেট নির্মাণের নিমিত্ত যায়গা চূড়ান্ত করার বিশেষ প্রয়োজন। তাছাড়া উপজেলা আনসার ব্যারাক নির্মাণের জন্য স্থানীয় সরকার মন্ত্রাণালয় হতে ১৫ লক্ষ টাকার প্রাক্কলন দিয়েছিল যা বর্তমান বাজারে সম্পন্ন করা সম্ভব নয়। তাই প্রাক্কলন মূল্য বাজার দরের সাথে সমন্বয় করে যথাযথ কর্তৃপক্ষের কাছে পত্র প্রেরণ করা প্রয়োজন। এছাড়াও উপজেলা পরিষদ মার্কেট রাজস্ব তহবিলের অর্থায়নে নির্মাণের লক্ষ্যে স্থানীয় সরকার মন্ত্রণালয়ের অনুমতির জন্য পত্র প্রেরণ করা প্রয়োজন।<br><br>তিনি আরো জানান, উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনটি সরেজমিন পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে দেখা যায় ভবনটি জরাজীর্ণ অবস্থায় আছে। ভবনটি পরিত্যাক্ত করে নিলামে বিক্রয়ের নিমিত্ত খরচসহ প্রাক্কলন প্রস্তুত করা প্রয়োজন। এছাড়া উপজেলার পরিষদের অন্যান্য কোয়ারটারগুলো জরাজীর্ণ অবস্থায় আছে। তাই কোয়ারটারগুলো পর্যায়ক্রমে পরিত্যাক্ত ঘোষণা করা প্রয়োজন।<br><br>তিনি জানান পরিশিষ্ট-ঙ মোতাবেক রাস্তার আইডি তৈরি জন্য আবেদন পাওয়া গেছে। উক্ত রাস্তাসমূহের আইডি করার নিমিত্ত জেলা প্রশাসকের কার্যালয়ে প্রেরণ করা যেতে পারে।<br><br>তিনি আরো জানান যে, উপজেলা পরিষদে অভ্যন্তরে বিএডিসি সেচ এর পরিত্যাক্ত ভবনসমূহ নিলামে বিক্রয়ের নিমিত্ত প্রাক্কলন প্রস্তুতপূর্বক যথাযথ কর্তৃপক্ষ বরাবর পত্র প্রেরণ করা যেতে পারে। তাছাড়া উপজেলা পরিষদের জীপগাড়ি মেরামত করার লক্ষ্যে পরিদর্শক বিআরটিএ, নেত্রকোণা ৮০,০০০/- টাকার প্রাক্কলন প্রতিবেদন প্রদান করেছে।<br>১৪৩১ বাংলা সনে হাট বাজারসমূহের রাজস্ব আয় বন্টন করে বিধি মোতাবেক বিভাজন করে দেওয়া হয়েছে। উক্ত বন্টনকৃত খাত উপজেলা উন্নয়ন খাতে প্রাপ্ত টাকা দিয়ে প্রকল্প গ্রহণ করা যেতে পারে। বিষয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। তাছাড়া ১৪৩২ বাংলা সনে এ উপজেলার ০৫ টি বাজার ইজারা প্রদান করা হয়েছে। বাকি ০৯ টি বাজারের আগ্রহী প্রার্থী পাওয়া যায়নি। বাকি ০৯ টি বাজারের খাস আদায়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করেন।</td>
<td>ক) উপজেলার বার্ষিক উন্নয়ন তহবিল এডিপি আওতায় পরিশিষ্ট-ঘ অনুযায়ী তালিকা সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয় এবং গুণগত মান বজায় রেখে দ্রুত কার্যক্রম বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহিত হয়।<br>খ) উপজেলা পরিষদ চত্বর ও বিভিন্ন ইউনিয়ন পরিষদে ঝড়ে উপরে পড়া ও মরা গাছ অপসারণ করার নিমিত্ত গাছের প্রাক্কলন প্রস্তুত করে নিলামের সিদ্ধান্ত গৃহিত হয়।<br>গ) উপজেলা ভূমি অফিস ভবন, উপজেলা আনসার ভিডিপির প্রশিক্ষণ ভবন, উপজেলা প্রশাসন বিদ্যানিকেতন এবং উপজেলার আনসার ব্যারাক এবং উপজেলা পরিষদ মার্কেট নির্মাণের লক্ষ্যে যায়গা চূড়ান্ত করার নিমিত্ত নিম্নোক্ত কমিটি গঠন করা হলো। উক্ত কমিটি ১৫ কার্যদিবসের মধ্যে যায়গা নতুন ভবনসমূহের যায়গা চূড়ান্ত করে প্রতিবেদন জমা প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়।
<table>
<tr><th>ক্রম</th><th>কর্মকর্তা</th><th>কমিটিতে পদ</th></tr>
<tr><td>১</td><td>সহকারী কমিশনার (ভূমি)</td><td>আহ্বায়ক</td></tr>
<tr><td>২</td><td>উপজেলা কৃষি কর্মকর্তা</td><td>সদস্য</td></tr>
<tr><td>৩</td><td>উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা</td><td>সদস্য</td></tr>
<tr><td>৪</td><td>উপজেলা প্রকৌশলী</td><td>সদস্য সচিব</td></tr>
</table>
ঘ) উপজেলা আনসার ব্যারাক নির্মাণের জন্য বর্তমান বাজার দরের সাথে সমন্বয় করে প্রাক্কলন প্রস্তুতপূর্বক যথাযথ কর্তৃপক্ষের কাছে পত্র প্রেরণ করার সিদ্ধান্ত গৃহিত হয়।<br>ঙ) উপজেলা পরিষদ মার্কেট রাজস্ব তহবিলের অর্থায়নে নির্মাণের লক্ষ্যে স্থানীয় সরকার মন্ত্রণালয়ের অনুমতির জন্য পত্র প্রেরণ করার সিদ্ধান্ত গৃহিত হয়।<br>চ) উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনটি পরিত্যাক্ত ঘোষণার সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয় এবং নিলামে বিক্রয়ের লক্ষ্যে প্রাক্কলন প্রস্তুত করে জেলা প্রশাসক মহোদয়ের বরাবর পরিত্যাক্ত ঘোষণা করার নিমিত্ত পত্র প্রেরণ করার সিদ্ধান্ত গৃহিত হয়।<br>ছ) উপজেলার পরিষদের অন্যান্য কোয়ার্টারগুলো পর্যায়ক্রমে পরিত্যাক্ত ঘোষণা করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার সিদ্ধান্ত গৃহিত হয়।<br>জ) উপজেলা পরিষদে অভ্যন্তরে বিএডিসি সেচ এর পরিত্যাক্ত ভবনসমূহ নিলামে বিক্রয়ের নিমিত্ত প্রাক্কলন প্রস্তুতপূর্বক যথাযথ কর্তৃপক্ষ বরাবর পত্র প্রেরণ করার সিদ্ধান্ত গৃহিত হয়।<br>ঝ) উপজেলা পরিষদের জীপগাড়ি মেরামত করার লক্ষ্যে ৮০,০০০/- (আশি হাজার) টাকার প্রাক্কলন সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয় এবং কোটেশনের মাধ্যমে জীপ গাড়ী মেরামত সম্পন্ন করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়।<br>ঞ) হাট বাজার উন্নয়ন সংক্রান্ত প্রকল্প গ্রহণ করার সিদ্ধান্ত গৃহিত হয়।<br>ট) ইজারা না হওয়া ০৯টি বাজার খাস আদায়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহিত হয়।</td>
<td>উপজেলা প্রকৌশলী, আটপাড়া<br>ও<br>সংশ্লিষ্ট সকল</td>
</tr>
<tr>
<td>৭.</td>
<td><u>জনস্বাস্থ্য প্রকৌশল অফিসঃ</u> উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) জানান, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। "সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ" প্রকল্পের আওতায় ২০২৪-২৫ অর্থ বছরে প্রকল্পের নলকূপের বোরিং এর কাজ চলমান রয়েছে এবং "সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ" প্রকল্পের আওতায় ২০২৪-২৫ অর্থ বছরে ৮৪ টি সাবমার্সিবল পাম্পযুক্ত গভীর নলকূপ এর বরাদ্ধ পাওয়া গেছে। এর প্রেক্ষিতে অনেক আবেদন জমা হয়েছে। তেলিগাতী ইউনিয়নে লার্জড পাইপ লাইন স্কীমের পাইপ লাইন স্থাপন কাজ সম্পন্ন হয়েছে।<br>তিনি আরো জানান, "বন্যায় ক্ষতিগ্রস্থ জরুরী সহায়তায় পানির উৎস্য স্থাপন ও স্যানিটেশন" প্রকল্পের আওতায় ৬০ টি সাবমার্সিবল পাম্পযুক্ত গভীর নলকূপ স্থাপনের কাজ চলমান আছে।<br><br>উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা জানান যে, আটপাড়া উপজেলার ১৪টি বিদ্যালয়ে ওয়াশব্লকের কাজ স্থগিত আছে। এ বিষয়ে তিনি সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন।</td>
<td>(ক) "বন্যায় ক্ষতিগ্রস্থ জরুরি সহায়তায় পানির উৎস্য স্থাপন ও স্যানিটেশন" প্রকল্পের আওতায় সাবমার্সিবল পাম্পযুক্ত গভীর নলকূপ ও হস্তচালিত নলকূপের বিধি মোতাবেক স্থাপনের ব্যবস্থা গ্রহণ করে চিত্রসহ প্রতিবেদন সভায় অবহিত করতে হবে।<br>(খ) "সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ" প্রকল্পের আওতায় ২০২৪-২৫ অর্থ বছরে সাবমার্সিবল পাম্পযুক্ত গভীর নলকূপ এর সুবিধাভোগী তালিকা সরেজমিনে যাচাই বাছাই করে তালিকা চূড়ান্ত করার সিদ্ধান্ত গৃহিত হয়।<br>(গ) ১৪টি বিদ্যালয়ে ওয়াশব্লকের কাজ দ্রুত সম্পন্ন করে সচিত্র প্রতিবেদন সভায় উপস্থাপন করতে হবে।</td>
<td>উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অফিস, আটপাড়া</td>
</tr>
<tr>
<td>৮.</td>
<td><u>উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ বিভাগ :</u> উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে।<br>ঈদ উল ফিতর উপলক্ষে ভিজিএফ (চাল) বিতরণের জন্য প্রত্যেক ইউনিয়নের উপকারভোগীর তালিকা প্রস্তুত করে মাস্টাররোলের মাধ্যমে চলতি সপ্তাহের মধ্যে বিতরণ করার জন্য সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করেন।<br>২০২৪-২৫ অর্থ বছরে টি আর এবং কাবিখার প্রকল্পের তালিকা চূড়ান্ত অনুমোদন পাওয়া গেছে। প্রকল্পসমূহ সুষ্ঠভাবে সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন।</td>
<td>(ক) ঈদ উল ফিতর উপলক্ষে ভিজিএফ (চাল) বিতরণের জন্য প্রত্যেক ইউনিয়নের উপকারভোগীর তালিকা প্রস্তুত করে মাস্টাররোলের মাধ্যমে চলতি সপ্তাহের মধ্যে বিতরণ সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহিত হয়।<br>(খ) ২০২৪-২৫ অর্থ বছরে টি আর/কাবিখা/কাবিটা প্রকল্পের কাজ বিধি মোতাবেক দ্রুত বাস্তবায়ন করে সভায় অবহিত করতে হবে।</td>
<td>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, আটপাড়া।<br>ও<br>প্রশাসক, ইউনিয়ন পরিষদ (সকল)</td>
</tr>
</table>

| | | | |
|---|---|---|---|
| | চলতি অর্থ বছরে HBB কাজ চলমান অনুমোদিত প্রকল্পের দৈর্ঘ্য ১০০০ মিটার এর পরিবর্তে ১১৩২ মিটার সংশোধন আকারে অনুমোদন পাওয়া গেছে। | (গ) ২০২৪-২৫ অর্থ বছরে HBB প্রকল্পের কাজ বিধি মোতাবেক দ্রুত বাস্তবায়ন করে সভায় অবহিত করতে হবে।<br>(ঘ) ইজিপিপি তালিকা যাচাই বাছাই করে চূড়ান্ত তালিকা করার সিদ্ধান্ত গৃহিত হয়।<br>(ঙ) ক্ষুদ্র নৃ গোষ্ঠীদের ঘরগুলো দ্রুত সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহিত হয়। | |
| ৯. | <u>উপজেলা মহিলা বিষয়ক অফিসঃ</u> উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান যে, VWB কার্যক্রম আগামী ০৬.০৪.২০২৫ খ্রি. তারিখ হতে ২৬.০৪.২০২৫ খ্রি. তারিখের মধ্যে অনলাইনে আবেদন করা যাবে। আবেদনের জন্য ইউনিয়ন পরিষদের উদ্যোক্তা ও তথ্য আপা মাধ্যমে আবেদন করার সুযোগ আছে।<br>তিনি আরো জানান যে, মা ও শিশু সহায়তা ভাতার তালিকা প্রতিমাসের ২০-২৫ তারিখের মধ্যে সুপারিশ পাঠানোর কথা থাকলেও সময়মতো ইউনিয়ন হতে তালিকা না পাওয়ায় কার্যক্রম পরিচালনা ব্যাহত হচ্ছে। তিনি সকল ইউনিয়ন পরিষদ প্রশাসক ও প্রশাসনিক কর্মকর্তাদের যথাসময়ে তালিকা প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করেন। | (ক) মা ও শিশু সহায়তা কার্যক্রমের বিস্তারিত তথ্যাদি উপস্থাপন করতে হবে।<br>(খ) বাল্যবিবাহ প্রতিরোধে প্রতি মাসে প্রত্যেক ইউনিয়ন পরিষদে একটি সচেতনতামূলক সভা আয়োজন করার সিদ্ধান্ত গৃহিত হয়।<br>(গ) উপজেলা কিশোর-কিশোরী ক্লাবের সচিত্র প্রতিবেদন উপস্থাপন করতে হবে।<br>(ঘ) VWB অনলাইন আবেদনের বিষয়ে ব্যাপক প্রচার করার সিদ্ধান্ত গৃহিত হয়।<br>(ঘ) মা ও শিশু সহায়তা ভাতার তালিকা প্রতিমাসের ২০-২৫ তারিখের মধ্যে উপজেলায় প্রেরণের সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা<br>ও<br>প্রশাসক, ইউনিয়ন পরিষদ (সকল) |
| ১০. | <u>উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগঃ</u> উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার জানান যে, ২০২৫ সালে বিনামূল্যে পাঠ্যপুস্তক বিতরণ মাধ্যমিক বিদ্যালয় পর্যায়ে ৮৩%, দাখিল পর্যায়ে ৯৯%, এবং এবতেদায়ী পর্যায়ে ১০০% সম্পন্ন হয়েছে।<br>তিনি আরো জানান যে, আগামী ১০.০৪.২০২৫ খ্রি. তারিখ থেকে এস.এস.সি ও দাখিল পরীক্ষা শুরু হবে। এ বিষয়ে তিনি সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন।<br>তাছাড়া তিনি জানান, উপজেলা প্রশাসন বিদ্যানিকেত স্কুলটি উপজেলা প্রশাসনের পরিচালনায় বর্তমানে প্লে-দশম শ্রেনী পর্যন্ত কার্যক্রম চলমান আছে। বিদ্যালয়টি রেজিস্ট্রেশন করার লক্ষ্যে উপজেলা পরিষদের যায়গা ব্যবহার করার অনুমতি পত্র প্রেরণ করা প্রয়োজন। | (ক) আগামী ১০.০৪.২০২৫ খ্রি. তারিখ হতে অনুষ্ঠিতব্য এস.এস.সি ও দাখিল পরীক্ষা সুষ্ঠ সুন্দরভাবে পরিচালনা করার জন্য ট্যাগ অফিসার, ভিজিল্যান্স টিম ও সংশ্লিষ্ট সকলকে যথাযথভাবে দায়িত্ব পালনের সিদ্ধান্ত গৃহিত হয়।<br>(খ) প্রতিমাসে ০৫টি শিক্ষা প্রতিষ্ঠান ও ডিজিটাল ল্যাব পরিদর্শণপূর্বক প্রতিবেদন সভায় অবহিত করতে হবে।<br>(গ) উপজেলা প্রশাসন বিদ্যানিকেত স্কুলটি উপজেলা পরিষদের যায়গায় পরিচালনার বিষয়ে সভায় সর্বসম্মতিক্রমে অনুমতি প্রদান করা হয় এবং অনুমতিপত্র প্রদানে সিদ্ধান্ত গৃহিত হয়। এছাড়াও বিদ্যালয়ের রেজিস্ট্রেশনের বিষয়ে দ্রত পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার<br>ও<br>সংশ্লিষ্ট সকল |
| ১১. | <u>উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগঃ</u> উপজেলা শিক্ষা কর্মকর্তা জানান, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। বিগত ২৬.০২.২০২৫ খ্রি হতে আগামী ০৬.০৪.২০২৫ খ্রি পর্যন্ত বিদ্যালয় বন্ধ থাকবে। আগামী ০৭.০৪.২০২৫ খ্রি. বিদ্যালয় খুলবে। তাছাড়া সকল সরকারি প্রাথমিক বিদ্যালয় পরিষ্কার পরিচ্ছন্ন রাখার বিষয়ে গুরুত্ব দেওয়া হচ্ছে। সামনে বর্ষাকাল আসছে। কিছু কিছু বিদ্যালয়ে মেরামত/সংস্কার করার বিশেষ প্রয়োজন। এছাড়া ১৪টি বিদ্যালয়ে ওয়াশব্লকের কাজ স্থগিত আছে। এ বিষয়ে তিনি সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন।<br>তিনি আরো জানান, সামনে বর্ষাকাল আসছে। কিছু কিছু বিদ্যালয়ে মেরামত/সংস্কার করার বিশেষ প্রয়োজন। | (ক) বিদ্যালয় খোলার দিন শিক্ষক/ছাত্র-ছাত্রীদের উপস্থিতি শতভাগ নিশ্চিত করতে হবে।<br>(খ) সরকারি প্রাথমিক বিদ্যালয় পরিষ্কার পরিচ্ছন্ন করার সিদ্ধান্ত গৃহিত হয়। এছাড়াও শিক্ষার মান উন্নয়নে নিয়মিত পরিদর্শন করতে হবে।<br>(গ) যেসকল স্কুলের ওয়াশব্লকের কাজ স্থগিত আছে তার কাজ দ্রুত সম্পন্ন করে সভায় অবহিত করতে হবে।<br>(ঘ) কোন কোন বিদ্যালয়ের মেরামত/সংস্কার করার বিশেষ প্রয়োজন তার পূর্ণাঙ্গ তালিকা প্রস্তুত করে পত্র প্রেরণ করার সিদ্ধান্ত গৃহিত হয়।<br>(ঙ) উপজেলা শিক্ষা ব্যবস্থাপনা কমিটির সভা করে অত্র সভায় অবহিত করতে হবে। | উপজেলা শিক্ষা অফিসার, আটপাড়া<br>ও<br>সংশ্লিষ্ট সকল |
| ১২. | <u>উপজেলা সমাজসেবা বিভাগঃ</u> উপজেলা সমাজসেবা কর্মকর্তা জানান যে, এ দপ্তরের বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। চলতি অর্থ বছরে ৩য় কিস্তির সকল ভাতা ও উপবৃত্তির পেরোল প্রদান করা হয়েছে। ঈদের পূর্বেই সকল উপকারভোগিদের মোবাইল হিসাব নম্বরে ভাতা/উপবৃত্তি টাকা পৌঁছে যাবে। আটপাড়া উপজেলার ভিক্ষুকদের তালিকা হালনাগাদ করার জন্য ইউনিয়ন পরিষদ প্রশাসকদের পত্র প্রেরণ করা হয়েছে।<br>তিনি আরো জানান যে, প্রতিবন্ধী ভাতার অনলাইন আবেদনের সময়সীমা আগামী ২৫ এপ্রিল ২০২৫ খ্রি. পর্যন্ত বৃদ্ধি করা হয়েছে। | (ক) উপজেলা সমাজসেবা অফিসে ঋণ সুবিধা কার্যক্রমের বিস্তারিত তথ্যাদি উপস্থাপন করতে হবে।<br>(খ) বয়স্কভাতা, বিধবা ও স্বামী পরিত্যক্তা ভাতা, প্রতিবন্ধী ভাতা বিধি মোতাবেক প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়।<br>গ) ভিক্ষুক ও প্রতিবন্ধিদের তালিকা প্রস্তুত করে পুনর্বাসনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>ঘ) উপজেলা সমাজ কল্যাণ পরিষদের সভা করে অত্র সভায় অবহিত করতে হবে।<br>ঙ) ভিক্ষুক পুনর্বাসনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>ঙ) প্রতিবন্ধী ভাতার অনলাইন আবেদনের বিষয়ে ব্যাপক প্রচার করার সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, আটপাড়া, নেত্রকোণা।<br>ও<br>প্রশাসক, ইউনিয়ন পরিষদ (সকল) |
| ১৩. | <u>উপজেলা যুব উন্নয়ন অফিস :</u> উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জানান যে, এ দপ্তরের বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। আগামি ২০.০৩.২০২৫ তারিখ মোবাইল ফোন সার্ভিসিং, পোশাক ও কৃষি বিষয়ক ফ্রিল্যান্সিং প্রশিক্ষণ অনুষ্ঠিত হবে। তাছাড়া ইম্প্যাক্ট প্রকল্পের আওতায় বায়োগ্যাস প্লান্ট স্থাপনের বিষয়ে প্রশিক্ষণ ও ঋণ বিতরণ করা হচ্ছে। তিনি আরো জানান যে, চলতি মাসে ৭ জন ব্যক্তির মাঝে ২,১০,০০০/- টাকা ঋণ বিতরণ করা হয়। | (ক) উপজেলা যুব উন্নয়ন অফিসে ঋণ সুবিধা কার্যক্রমের বিস্তারিত তথ্যাদি উপস্থাপন করতে হবে।<br>(খ) বেকার যুবক, যুবতীদের প্রশিক্ষণ ও সহজ শর্তে ঋণ প্রদানের মাধ্যমে আত্মকর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করার এবং ঋণ আদায় কার্যক্রম চালু রাখার সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, আটপাড়া |
| ১৪. | <u>উপজেলা পল্লী উন্নয়ন অফিস:</u> উপজেলা পল্লী উন্নয়ন অফিসার সভায় জানান যে, এ দপ্তরের মাধ্যমে বিভিন্ন ঋণ বিরতণ ও আদায় কার্যক্রম চলমান রয়েছে। দরিদ্র জনসাধারণকে সহজ শর্তে ঋণ প্রদানের মাধ্যমে কার্যক্রম চলমান আছে। এছাড়া ২০২৪-২৫ অর্থ বছরে বিতরণ ৫৫.৬০ টাকা। ক্রমপুঞ্জি বিতরণ ৭৮০.১৬। এমাসে ঋণ আদায় ৯৪,০০০/-। বছরে আদায় ২১.০০ টাকা ক্রম আদায় ৪৬০.৭০ টাকা। এছাড়া সকল প্রকল্পের কারক্রম অব্যাহত আছে। | (ক) উপজেলা পল্লী উন্নয়ন অফিসে ঋণ সুবিধা কার্যক্রমের বিস্তারিত তথ্যাদি উপস্থাপন করতে হবে।<br>(খ) দরিদ্র জনসাধারণকে সহজ শর্তে ঋণ প্রদানের মাধ্যমে আত্মকর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করার সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, আটপাড়া |

| | | | |
|---|---|---|---|
| ১৫. | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, আটপাড়া শাখাঃ ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক জানান যে, অফিসের কার্যক্রম স্বাভাবিক ভাবেই চলমান রয়েছে। ঋণ বিতরণ ও ঋণ আদায় সন্তোষজনক রয়েছে। তিনি খেলাপী ঋণ আদায়ে ইউনিয়ন পরিষদ প্রশাসকগণের সহযোগিতা কামনা করেন। | উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক এর ঋণ সুবিধা কার্যক্রমের বিস্তারিত তথ্যাদি উপস্থাপন করতে হবে। | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, আটপাড়া প্রশাসক, ইউনিয়ন পরিষদ (সকল) |
| ১৬. | উপজেলা পল্লী দারিদ্র বিমোচন অফিসঃ উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা সভায় জানান, পল্লী দারিদ্র বিমোচন অফিসের কার্যক্রম স্বাভাবিক ভাবেই চলমান রয়েছে। খেলাপী ঋণ আদায়ে ইউনিয়ন পরিষদ প্রশাসকগণের সহযোগিতা কামনা করেন। | (ক) উপজেলা দারিদ্র বিমোচন অফিসে ঋণ সুবিধা কার্যক্রমের বিস্তারিত তথ্যাদি উপস্থাপন করতে হবে।<br>(খ) দরিদ্র জনসাধারণকে সহজ শর্তে ঋণ প্রদানের মাধ্যমে আত্মকর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করার সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা, আটপাড়া। |
| ১৭. | উপজেলা সমবায় অফিস : উপজেলা সমবায় কর্মকর্তা অথবা তার কোন প্রতিনিধি সভায় উপস্থিত না থাকায় সভায় সর্বসম্মতিক্রমে পাশের সিদ্ধান্ত গৃহিত হয়। | আটপাড়া উপজেলায় কতোগুলো সমবায় সমিতির আছে তার বিস্তারিত তথ্যাদি উপস্থাপন করতে হবে। | উপজেলা সমবায় কর্মকর্তা, আটপাড়া |
| ১৮. | উপজেলা জাইকা প্রকল্প কর্মকর্তাঃ নিয়মিতভাবে স্থায়ী কমিটি সমূহের সভা অনুষ্ঠানের জন্য বিভাগীয় কর্মকর্তাদেরকে অনুরোধ জানান।<br>প্রশাসক, উপজেলা পরিষদ জানান যে, জাইকা প্রকল্প থেকে উপজেলা পরিষদ চত্বরে বিভিন্ন স্থানে সৌর বিদ্যুতের স্ট্রিট লাইট প্রদান করা হয়েছিল। এর মধ্যে বেশ কিছু স্ট্রিট লাইট নষ্ট হয়ে আছে। এগুলা দ্রুত সংস্কার করার জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশ প্রদান করেন। | নিয়মিত স্থায়ী কমিটির সভা আহ্বান করে আগামী সভার ০৩ দিন পূর্বে কার্যবিবরণী প্রেরণ করার সিদ্ধান্ত গৃহিত হয়।<br>খ) উপজেলা পরিষদ চত্বরে বিভিন্ন স্থানে নষ্ট সৌর বিদ্যুতের স্ট্রিট লাইট সংস্কার করার সিদ্ধান্ত গৃহিত হয়। | বিভাগীয় কর্মকর্তা (সকল), আটপাড়া।<br>ও<br>সংশ্লিষ্ট সকল |
| ১৯. | প্রশাসক, উপজেলা পরিষদঃ জানান যে, এ উপজেলার সকল জনপ্রতিনিধি ও সরকারি কর্মকর্তাদের সমন্বয়ে আন্তরিকতার সাথে কাজ করার অনুরোধ জানান। প্রত্যেককে আইন ও বিধি মোতাবেক দায়িত্ব ও কর্তব্য পালন করার অনুরোধ জানান। | উপজেলার সকল জনপ্রতিনিধি ও সরকারি কর্মকর্তাদের সমন্বয়ে আন্তরিকতার সাথে কাজ করার সর্বসম্মতিক্রমে পাশের সিদ্ধান্ত গৃহিত হয়। | বিভাগীয় কর্মকর্তা (সকল), আটপাড়া। |

বিবিধ আলোচনাঃ

২০. প্রশাসক, তেলিগাতী ইউনিয়ন পরিষদ, জানান যে, ইউনিয়ন পরিষদের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। ইউনিয়ন পরিষদের টি আর কাবিখা প্রকল্প বিধি মোতাবেক গ্রহণ, যাচাই বাছাই করে গুনগত মান বজায় রেখে সম্পন্ন করা হচ্ছে।

২১. উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে পরিশোধের নিমিত্ত নিম্নলিখিত বিলসমূহ সভায় উপস্থাপন হয়। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং আলোচনান্তে উক্ত বিলগুলো সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।

| ক্র নং | ব্যয়ের খাত | টাকার পরিমান |
|---|---|---|
| ১. | ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস-২০২৫ উদযাপনের ব্যয় বিল | ৫০,০০০/- |
| ২. | উপজেলা পরিষদ জীপগাড়ি রক্ষণাবেক্ষনের জন্য ডিসেম্বর/২৫ ও মার্চ/২৫ মাসের মোট ৫০ লিটার ওয়েল লুব্রিক্যান্ট বিল | ৬,৯৮৫/- |

অত:পর আর কোন আলোচনা না থাকায় সভার সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(রুয়েল সাংমা)
প্রশাসক
উপজেলা পরিষদ
ও
উপজেলা নির্বাহী অফিসার
আটপাড়া, নেত্রকোণা

স্মারক নং -০৫.৪৫.৭২০৪.০০১.০৬.০০৪.২৫.৩৬৪/(৩১)　　　　তারিখঃ ১৮.০৩.২০২৫ খ্রি.

অনুলিপি: অবগতি ও কার্যার্থে

১. উপজেলা....................................কর্মকর্তা, আটপাড়া, নেত্রকোণা
২. প্রশাসক (সকল).............................ইউপি, আটপাড়া, নেত্রকোণা
৩. অফিস কপি

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে

১. সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. জেলা প্রশাসক, নেত্রকোণা
৩. প্রশাসক, উপজেল পরিষদ, আটপাড়া, নেত্রকোণা
৪. উপ-পরিচালক, স্থানীয় সরকার, নেত্রকোণা

(রুয়েল সাংমা)
উপজেলা নির্বাহী অফিসার
আটপাড়া, নেত্রকোণা

উপস্থিত সদস্যদের তালিকা পরিশিষ্ট-ক

| কর্মকর্তা | জনপ্রতিনিধি |
|---|---|
| ১. উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কর্মকর্তা, আটপাড়া, নেত্রকোণা | ১. প্রশাসক, স্বরমুশিয়া ইউনিয়ন পরিষদ, আটপাড়া |
| ২. উপজেলা কৃষি অফিসার, আটপাড়া, নেত্রকোণা। | ২. প্রশাসক, শুনই ইউনিয়ন পরিষদ, আটপাড়া |
| ৩. উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, আটপাড়া, নেত্রকোণা। | ৩. প্রশাসক, লুনেশ্বর ইউনিয়ন পরিষদ, আটপাড়া |
| ৪. উপজেলা মৎস্য কর্মকর্তা, আটপাড়া, নেত্রকোণা। | ৪. প্রশাসক, তেলিগাতী ইউনিয়ন পরিষদ, আটপাড়া |
| ৫. উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, আটপাড়া, নেত্রকোণা। | ৫. প্রশাসক, দুওজ ইউনিয়ন পরিষদ, আটপাড়া |
| ৬. উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, নেত্রকোণ। | ৬. প্রশাসক, সুখারী ইউনিয়ন পরিষদ, আটপাড়া |
| ৭. উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী, আটপাড়া, নেত্রকোণা। | |
| ৮. উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা, আটপাড়া, নেত্রকোণা। | |
| ৯. ব্যবস্থাপক, পল্লী সঞ্চয়ী ব্যাংক, আটপাড়া, নেত্রকোণা। | |
| ১০. উপজেলা শিক্ষা কর্মকর্তা, আটপাড়া, নেত্রকোণা। | |
| ১১. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, আটপাড়া, নেত্রকোণা। | |
| ১২. উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, আটপাড়া, নেত্রকোণা। | |
| ১৩. উপজেলা সমাজসেবা কর্মকর্তা, আটপাড়া, নেত্রকোণা। | |
| ১৪. উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, আটপাড়া, নেত্রকোণা। | |

অনুপস্থিত সদস্যদের তালিকা পরিশিষ্ট-খ

| কর্মকর্তা | জনপ্রতিনিধি |
|---|---|
| উপজেলা সমবায় কর্মকর্তা, আটপাড়া, নেত্রকোণা | ১. প্রশাসক, বানিয়াজান ইউনিয়ন পরিষদ, আটপাড়া |

কর্মকর্তা/জনপ্রতিনিধি ব্যতিত উপস্থিত প্রতিনিধি সদস্যদের তালিকা পরিশিষ্ট-গ

| কর্মকর্তা | জনপ্রতিনিধি |
|---|---|
| ১. | |

(রুয়েল সাংমা)
উপজেলা নির্বাহী অফিসার
আটপাড়া, নেত্রকোণা

## পরিশিষ্ট-ঙ

### এলজিইডি রোড ইনভেন্টরি তালিকা

| ক্রম | রাস্তা | ইউনিয়ন | রাস্তার দৈর্ঘ্য |
|---|---|---|---|
| ১. | আটপাড়া-নেত্রকোণা ডিসি রাস্তার যাত্রাবাড়ি ব্রীজ হতে মন্নানের বাড়ি, ভায়া তেরো ভাগ পর্যন্ত। | স্বরমুশিয়া | ৪ কিমি |
| ২. | আটপাড়া-নেত্রকোণা ডিসি রাস্তা হতে বিলপাড় জামে মসজিদ ভায়া মগড়া নদী পর্যন্ত। | স্বরমুশিয়া | ১.৫ কিমি |
| ৩. | বারহাট্টা মেইন রোড থেকে এরশাদের বাড়ি পর্যন্ত। | শুনই | ২ কিমি |
| ৪. | মাদল মোড় হইতে উজিয়াখালী ব্রীজ পর্যন্ত। | স্বরমুশিয়া | ২.৫ কিমি |
| ৫. | তেলিগাতী-অভয়পাশা ডিসি রাস্তা হতে শ্রীধরপুর বিদ্যালয় সংলগ্ন হতে মঙ্গলসিদ্ধ মেইন রাস্তার সবুজ মিয়ার বাড়ি  পর্যন্ত। | তেলিগাতী | ১ কিমি |
| ৬. | গোয়াতলা পশ্চিমপাড়া মসজীদ হইতে বাগবাড়ী মসজীদ পর্যন্ত। | শুনই | ১.৫ কিমি |
| ৭. | হাতিয়া রেন্ট্রিতলা বাজার হতে তারাচাপুরের শেষ মাথা পর্যন্ত। | সুখারী | ২ কিমি |
| ৮. | চৌরাস্তা হইতে কৃষ্ণপুর রাস্তা তথা কৃষ্ণপুর স.প্রা. বিদ্যালয় হইতে জমজম কোরআন শিক্ষাকেন্দ্র/দেশীউড়া সড়ক পর্যন্ত। | স্বরমুশিয়া | ৫৫০ মি |
| ৯. | দিয়াড়া মেইন রাস্তা হতে হেলিম মেম্বারের বাড়ি মোড় পর্যন্ত। | তেলিগাতী | চেইনেজ (০০-৭০০) |
| ১০. | কেন্দু মিয়ার জমির পিছনে মাথা হইতে মলয় রায়ের বাড়ির শেষ পর্যন্ত। | সুখারী | ১.৫ কিমি |
| ১১. | মো: দুলাল মিয়ার বাড়ীর সামনে রাস্তা হয়ে ভায়া মাইজপাড়া মসজিদ হতে খলিফাবাড়ী হইয়া যাত্রাবাড়ী ব্রীজ পর্যন্ত। | স্বরমুশিয়া | ১ কিমি |
| ১২. | রিয়াজ উদ্দির বাড়ি হইতে শিরালদীর টিপনের ফিসাড়ি, আটপাড়া হইতে বামুন্দী ধলাই বাজার রাস্তা পর্যন্ত। | লুনেশ্বর | ২ কিমি |
| ১৩. | দেবত্বার বাজার হতে জালালপুর পাড়ার সামনে দিয়ে পাড়ার শেষ পর্যন্ত। | সুখারী | ৬০০ মি |
| ১৪. | স্বল্প শুনই মর্তুজ আলীর বাড়ীর পাকা রাস্তা হইতে ১০ নং মল্লিকপুর শুনই সরকারি প্রাথমিক বিদ্যালয় হইয়া আলতু তালুকদারের আটপাড়া লালচান বাজার এর পাকা রাস্তা পর্যন্ত সংযোগ সড়ক। | শুনই | ১ কিমি |
| ১৫. | দিয়াড়া বাজারের কানদার দোকান হইতে শ্রীরামপুর রাজঘাট পর্যন্ত। | তেলিগাতী | ১ কিমি |
| ১৬. | শ্রীরামপুর প্রাথমিক বিদ্যালয় হতে চন্দ্রকোনা রাস্তা। | তেলিগাতী | চেইনেজ (০০-১৫০০) |
| ১৭. | ব্রুজের বাজার জিসি ধলাই বাজার জিসি সড়কের জয়নগর হতে তালুকদার  বাড়ী | লুনেশ্বর | ৫০০ মি |
| ১৮. | আটপাড়া দুওজ রাস্তা হতে মহিষপুর শেষ মাথায় মো: মুখলেছ মিয়ার বাড়ী হতে চাড়িয়া গ্রামের মো: জামাল মিয়ার বাড়ী পর্যন্ত। | বানিয়াজান | ২৫০ মি |
| ১৯. | স্বরমুশিয়া ইউনিয়ন পরিষদের রাস্তা হইতে আড়াগাঁও জামে মসজিদ হয়ে মানিক মিয়ার বাড়ী পর্যন্ত। | স্বরমুশিয়া | ১০৫৫ ফুট |
| ২০. | তেলিগাতী নোয়াপাড়া রাস্তায় গাতী অংশ হতে সাইডুলী নদী পর্যন্ত । | তেলিগাতী | ২.৫ কিমি |
| ২১. | বাবুল মিয়ার বাড়ি হইতে মসজিদের পাশ দিয়ে নদীর পাড় পর্যন্ত। | তেলিগাতী | ২ কিমি |
| ২২. | আটপাড়া টু নেত্রকোনা ডিসি রাস্তা হইতে স্বরমুশিয়া (হরিপুর) তিন গম্বুজ জামে মসজিদ পর্যন্ত। | স্বরমুশিয়া | ৭৫০ ফুট |
| ২৩. | দেওগাঁও মাইজপাড়া ঈদগাহ্ মাঠ হইতে দেওগাঁও কেনাবাড়ী পর্যন্ত। | লুনেশ্বর | ৫০০ ফুট |
| ২৪. | তেলিগাতী নওপাড়া সড়ক হতে গাতীপাড়া পাঁচঘর বাড়ী সড়ক পর্যন্ত। | তেলিগাতী | ১ কিমি |
| ২৫. | মোঘলহাট্টা সরকারি প্রাথমিক বিদ্যালয় বিলপাড়া। | দুওজ | ১ কিমি |
| ২৬. | আটপাড়া-দুওজ রাস্তা হতে চাড়িয়া সরকারি প্রাথমিক বিদ্যালয় সড়ক সংলগ্ন হইতে চাড়িয়া গ্রামের মরহুম আব্দুল ওয়াহাব মেম্বার সাহেবের বাড়ি পর্যন্ত। | বানিয়াজান | ৪৬০ মি |
| ২৭. | ইটাখলা বাজার হইতে গাভুরকাছ ভায়া গোলাঘাট খালের রাস্তা পাকা করণ | বানিয়াজান | |
| ২৮. | চৌরাস্তা-কৃষ্ণপুর রাস্তা তথা কৃষ্ণপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়  হইতে জমজম বয়স্ক মহিলা কোরআন শিক্ষা কেন্দ্র পর্যন্ত। | স্বরমুশিয়া | ৫৫০ মি |
| ২৯. | মদন-নেত্রকোনা ডিসি রাস্তায় শালকি মাটিকাটা ব্রীজ হতে তেলিখালী খালের পাড় থেকে শালকি মাটিকাটা গ্রামের একদিল মিয়ার বাড়ি পর্যন্ত। | স্বরমুশিয়া | ১ কিমি |
| ৩০. | খানবাড়ি রাস্তা রোকনের বাড়ি হতে মোজাম্মেলের বাড়ি পর্যন্ত। | শুনই | ৭০০ মি |
| ৩১. | স্বরমুশিয়া একদিলের মোড় হইতে জসীম ডাক্তারের ফিসাড়ী হইয়া মানিক | স্বরমুশিয়া | ২ কিমি |
| ৩২. | বাবুর আলীর বাড়ি হতে ৯২ নং পশ্চিম দুওজ সরকারি প্রাথমিক বিদ্যালয় পর্যন্ত। | দুওজ | ২ কিমি |
| ৩৩. | জালশুকা রহিমের বাড়ির সামনে থেকে নোয়াপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয় পর্যন্ত। | স্বরমুশিয়া | ১ কিমি |
| ৩৪. | কালিয়া কালি ভরতোষীর সিসি রাস্তা কালিয়া কালির হিরণের দোকান হইতে ভরতোষী চরপাড়া পর্যন্ত | শুনই | ৩ কিমি |
| ৩৫. | স্বল্প শুনই কালামিয়া মাস্টারের বাড়ির পাশে সিসি রাস্তা হইতে অলি মেম্বারের বাড়ি হইয়া খাঁ বাড়ি তরিকুল খানের বাড়ি পর্যন্ত। | শুনই | ১০০০ ফুট |
| ৩৬. | স্বল্প শুনই ঈদগাহ মাঠের সিসি রাস্তা হইতে উত্তরপাশে শুনই দারুসুন্নাহ কওমী মাদ্রাসা হইয়া বড়বাড়ী সিসি রাস্তা পর্যন্ত। | শুনই | ১৭০০ ফুট |

(আবু মুতাসিম বিল্লাহ)
উপজেলা প্রকৌশলী
এলজিইডি
আটপাড়া, নেত্রকোণা

(রুয়েল সাংমা)
প্রশাসক
উপজেলা পরিষদ
ও
উপজেলা নির্বাহী অফিসার
আটপাড়া, নেত্রকোণা